দৈনিক ইনকিলাব

১০৭

তারিখ ... JUL 1 0 1998 ...
পৃঃ ২ কলাম ৪

# ক্যাম্পাসে ছাত্র লীগের দু'গ্রুপের গোলাগুলী

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে হল দখল-পাল্টা দখলকে কেন্দ্র করে গতরাতে ছাত্র লীগের দু'গ্রুপের মধ্যে গুলী বিনিময় ও ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। এ ঘটনায় হতাহতের কোন খবর পাওয়া যায়নি। সর্বশেষ পাওয়া তথ্যানুযায়ী পুলিশের হল তল্লাশি চলছিল। গত শনিবার গভীর রাতে ছাত্র লীগের মাদারীপুর-শরীয়তপুর গ্রুপের নেতৃত্বে সলিমুল্লাহ হল দখলের ঘটনার পর গতকাল (রবিবার) ক্যাম্পাসে উত্তেজনা ছড়িয়ে পড়ে। হল থেকে বিতাড়িত গ্রুপটি পুনঃ হল দখলের জন্য মরিয়া হয়ে উঠে। অপরদিকে হল দখলকারীরাও রণসজ্জায় সজ্জিত হয়ে ৭-এর পৃঃ ৩-এর কঃ

## ক্যাম্পাসে গোলাগুলি

প্রথম পৃষ্ঠার পর

হলে তাদের অবস্থান পোক্ত করেছে বিরাজমান এ পরিস্থিতিতে গতরাত সাড়ে ৯টার দিকে সলিমুল্লাহ হল দখলকারী গ্রুপটির একাংশ সশস্ত্র অবস্থায় এফ রহমান হলসহ অপর দু'টি হল মহসিন হল ও সূর্যসেন হল দখলের জন্য যায়। এ সময় তারা গুলী ছুঁড়তে ছুঁড়তে হলের দিকে অগ্রসর হতে থাকলে হলের ভিতর থেকেও পাল্টা জবাব আসে গুলীর মাধ্যমে। ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করায় এ হলগুলোর দখলকারীরা সচেতন হয় এবং তাদের সশস্ত্র অবস্থান জোরদার করে। ফলে শরীয়তপুর-মাদারীপুর গ্রুপটির পক্ষে হল দখল করা সম্ভব হয় না। প্রায় ঘন্টাখানেক হলে অবস্থানকারী গ্রুপটির সাথে তাদের বোমা ও গুলী বিনিময়ের পর তারা পিছু হটে। পরে পুলিশ পরিস্থিতি তাদের নিয়ন্ত্রণে নিয়ে আসতে সক্ষম হয়। এভাবে গুলী বিনিময় ও ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনায় কেউ হতাহত হয়েছে কিনা জানা যায়নি। তবে সর্বশেষ রাত ১২টার দিকে পাওয়া খবর অনুযায়ী পুলিশের হল তল্লাশি চলছিল।